সাবেক মেয়র সাঈদ খোকনের ৭ দিনের রিমান্ড মঞ্জুর



সাবেক মেয়র সাঈদ খোকন। ছবি: সংগৃহীত

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় রাজধানীর ধানমন্ডিতে কিশোর আব্দুল মোতালিব হত্যা মামলায় ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সাবেক মেয়র মোহাম্মদ সাঈদ খোকনের সাত দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

মঙ্গলবার (১৭ নভেম্বর) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মেহেদী হাসানের আদালত শুনানি শেষে এ আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা তাঁকে ১০ দিনের রিমান্ডে নেওয়ার আবেদন করেছিলেন।

রিমান্ড আবেদনে বলা হয়, আন্দোলন দমনে অর্থ ও অস্ত্রের জোগান, পলাতক আওয়ামী লীগ নেতাকর্মীদের অবস্থান ও যোগাযোগ এবং তাঁদের ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে তথ্য জানতে সাঈদ খোকনকে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। এ ছাড়া মামলার অন্য আসামিদের শনাক্ত এবং তাঁকে আশ্রয়দাতাদের বিষয়ে তথ্য সংগ্রহের কথাও উল্লেখ করা হয়।

মামলার এজাহার অনুযায়ী, ২০২৪ সালের ৪ আগস্ট সন্ধ্যা ৬টার দিকে ধানমন্ডির জিগাতলা বাসস্ট্যান্ডের পশ্চিম পাশে ব্যাংক এশিয়ার সামনে আন্দোলন চলাকালে গুলিতে নিহত হয় ১৪ বছর বয়সী আব্দুল মোতালিব। এ ঘটনায় তাঁর বাবা আব্দুল মতিন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ১৭৬ জনের নাম উল্লেখ করে ধানমন্ডি থানায় হত্যা মামলা করেন। মামলায় সাঈদ খোকন ২৯ নম্বর আসামি।

এর আগে মঙ্গলবার সকাল ৭টার দিকে রাজধানীর বারিধারার একটি বাসা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়। পরে তাঁকে গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে নেওয়া হয়।